

# মাসিক কিশোর- কিশোরী সংবাদ



প্রকাশনায় : কোস্ট ফাউন্ডেশন।    সহযোগিতায় : পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

মাস : জৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ। জুন ২০২৩ খ্রি:।    বর্ষ : দ্বিতীয় বর্ষ    সংখ্যা : নবম সংখ্যা

## আন্ত: ইউনিয়ন সাংস্কৃতি ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেধাও মননে সুন্দর আগামী

মেধা ও মননে সুন্দর আগামী এ শ্লোগানের ভিত্তিতে চলতি মাসে লাল মোহন উপজেলার ছয়টি ইউনিয়ন ও বোরহান উদ্দিন উপজেলায় পাঁচটি ইউনিয়নে কোস্ট ফাউনেশনের পরিচালনা ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের সহায়তায় আন্ত: ইউনিয়ন ক্রীড়া প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়।



আলোচনা করছেন করছেন আব্দুল্লা আল নেমান, প্যানেল চেয়ারম্যান- পক্ষিয়া ইউনিয়ন

প্রতিযোগীতার বিষয় ছিল কিশোরীদের জন্য ব্যাডমিন্টট ও কিশোরদের জন্য ক্রিকেট প্রতিযোগীতা এছাড়া কিশোর-কিশোরী সকলের জন্য ছিল-প্রবন্ধ / রচনা লেখা, কবিতা আবৃত্তি, দেসাত্মবোধক গান, আর্ম রেসলিং। প্রতি প্রতিযোগীতা প্রতিটি কিশোর-কিশোরী ক্লাবের বাছাই করা প্রতি যোগীরা ইউনিয়ন পর্যায়ে প্রতিযোগীতায় অংশগ্রহন করে।

গত ২ মে ২০২৩ তারিকে বোরহানউদ্দিন উপজেলার পক্ষীয়া ইউনিয়নের জ্ঞানদা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে পক্ষীয়া ইউনিয়নের কৈশোর কর্মসুচির উদ্দ্যেগে ৩৬টি কিশোর-কিশোরী ক্লাবের অংগ্রহনকারীদের অংশগ্রহনে ইউনিয়ন সাংস্কৃতি ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনান আবদুল্লাহ আল নোমান প্যানের চেয়ারম্যান পক্ষীয়া ইউনিয় এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাওলানা আব্দুল জলিল সহকারী শিক্ষক জ্ঞনদা বালিকা মাধ্যমিক বিদ্যালয়। প্রধান অতিথির বক্তবে প্যানে চেয়ারম্যান বলেন আমি মনে করি কিশোর-কিশোরীর যদি লেখা পড়ার পাশা পাশি বিভিন্ন ধরনের সংস্কৃতিক ও ক্রিড়া অনুষ্ঠানের সাথে জরিত থাকে তা হলে তাদের মেধা বিকাশের উন্নতি হয়। তারা তখন কোন অপরাধ ও অপসংস্কৃতির সাথে জড়িয়ে পরতে পারে না। আমি এখানে দেখলাম কিশোর-কিশোরীরা নিজেরাই প্রবন্ধ লেখার প্রতিযোগীতায় অংশগ্রহন করেছে তাহলে তারা অগের দিনগুরিলে এ প্রতিযোগীতায় অংশগ্রনের জন্য কিছুটা হলেও লেখা-পড়া করেছে দুই একটি বই পড়েছে ফলে তার সময়গুরি ভালো কাজে ব্যয় করেছে, আর যদি প্রতিযোগীতায় অংশগ্রহন না করতের তা হলে তারা এ সময় বন্ধদের সাথে কোন আড্ডায় জড়িত থাকনে। আমি আজকের আয়োজনকারী কোস্ট ফাউন্ডেশন কে সাধুবাদ জানাই তাদের এধরনের ভালো কাজের জন্য। সামনের দিনগুলিতেরও তাড়া আরো ভালো উদ্দ্যোগ নিয়ে আসবে সেটাই আশা করি। অন্যদিকে তোমরা যারা কিশোর -কিশোরীরা আমার ওয়ার্ডে আছো তোমরা আমাকে তোমাদের মিটিংয়ে দাওয়াত দিলে আমি অবশ্যই অংশগ্রহনকরব।

## এ ক্লাব হবে সমাজ পরিবর্তনের হাতিয়ার।

পশ্চিম চরউমেদ ইউনিয়নের ০২ নং ওয়ার্ডের মেন্টর শাওন বলেন এ ক্লাব হবে সমাজ পরিবর্তনের হাতিয়ার, কারণ আমরা চাই আমাদের স্ব উদ্যেগে আমরা এলাকার অসহায় মানুষের সহায়তা করা, যে সকল বন্ধুরা মানুষের সাথে কারাপ আচরণ করে তাদেরকে ভালো পথে নিয়ে আসতে ,নিজেরা সৎ পথে চলার মাধ্যমে এলাকা থেকে ইভটেজি, বাল্যবিবা রোধ সহ ভালো কাজ করার মাধ্যমে কিশোর-কিশোরী ক্লাবগুলিকে মানুষে মধে পরিচিত করে তোলতে। এছাড়াও আমরা রাস্তা-ঘাটে কারোকে কোন খারাপ কথা বলবো না এবং অন্য



মো: শাওন মেন্টর, পশ্চিম চরউমেদ, ছবি বাবেয়া বিনতে

কাউকে কোন মেয়েদের খারাপ কথা বলতে দেখলে তার প্রতিবাদ করব। আমি যদি কোন মেয়েকে রাস্তা-ঘাটে খারাপ কথা বলি তা হলে অন্যরাতো আমার বোনকে কোন সময় খারাপ কথা বলতে পারে। এ ছাড়াও আমরা ব্যক্তিগত ভাবে টাকা জমাকরে গ্রামের অসহায় ও অসুস্থ মানুষের পাশে দাড়ানোর চেষ্ঠা করব। আমরা মুরুব্বীদের সন্মান করব। ভালো ভাবে লেখা পড়া করব। যদি লেখাপড়া খারাপ হয় তা হেলে এ ক্লাবের বদনা হবে।

## একজন মেন্টরই পারেন তার ক্লাবের কিশোর-কিশোরীদের আলোর সন্ধান দেখাতে।

প্রতি মাসের ন্যায় চলতি মাসেও লালমোহন ও বোরহানউদ্দিন স্বস্ব উপজেলায় মাসিক মেন্টর সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় আলোচনা উপস্থিত মেন্টদের আলোচনায় উঠে আসে যে কথাটি সেটি হলো " একজন মেন্টরই পারেন একটি ক্লাবের সকল সদস্যদের সত্যের সন্ধান দেখাতে। তিনি যদি একজ সৎ ও আদর্শবান ও পরোউপকারী হন তা হলে ঐ ক্লাবেস সকলকে নিয়ে তার এলাকার ভালো ভালো কাজে সকল সদস্যদের যুক্ত করতে পারেন। তিনি তার ক্লাবের সকলকে সাথে নিয়ে এলাকা ও এরাকার শিক্ষা প্রতিষ্ঠান পরিস্কার -পরিচ্ছন্ করা, আসহায় মানুষে সহায়তা করা, ইভটেজিং মুক্ত ওয়ার্ড করা সহ বিভিন্ন উন্নয়নমুলক কাজ করতে পারেন। কিন্ত তিনি যদি খারাপ কাজের সাথে যুক্ত থাকেন তাহলে তার ক্লাবে অভিভাবকরা তাদের ছেলে-মেয়েদের আসতে দিবেন না। সে কাননেই একজন মেন্টকে আগেই হতে হবে আদর্শবান। মেন্টর প্রতি মাসিক সভায় কিশোর-কিশোরীদের অচরনের পরিবর্ত হয় বা শিক্ষণীয় কোন


মাসিক মেন্টর সম্নয় সভা, ছবি- রাবেয়া বিনতে

বিষয় নিয়ে আলোচনা করবেন। আলোচনা শেণে তাড়া আজকের আলোচনা থেকে কি শিখেছে তা জানতে চাইবেন। পরবর্তী মাসিক সভার আগে তারা কি কি কাজ করবেন তার একটি এ্যকশন প্লান বা কর্মপরি কল্পনা তৈরী করবেন এবং তা তাদের রেজিষ্টারে উপস্থিত স্বাক্ষরের পরের পাতায় রেজুলেশন আকারে লিখে রাখবেন। পরের মাসে কে কি বাস্তবায়ন করতে পেরেছি তা পর্যালোচনা করবে। এ ভাবে আমরা আমাদের ক্লাবকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবো।

## আমরাই পারি আমাদের সন্তানদের সৎ ও আদর্শবান হিসাবে গড়ে তোলতে।

চলতি মাসের ফরাজ গঞ্জ ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের অভিভাক সাভায় একজন মা বলেন আমরাই পরি আমাদের সন্তাদের সৎ ও আদর্শবান হিসাবে গড়ে তুলতে। আমারা অভিভাবকরা নিজেরা সৎ ও আদর্শবান তাহলে আমাদের সন্তানরা আমাদেরকে দেশে শিখবে যে আমার বাবা মা শত কষ্টের মধ্যেও তারা কোন অন্যয় ও অসৎকাজের মাধ্যেমে আয় করে আমাদের কে মানুষ করেন, তা হলে আমরা কেন সমাজে অন্যায় কাজের সাথে জড়িত হবো। আর সন্তান যদি দেখে আমরা বাবা-মা সমাজের অন্যয় কাজের সাথে জড়িত তারা মানুষ ঠকিয়ে সে আয়ের টাকা দিয়ে আমাদেরকে মানুষ করছে তখন তাদের কাছে এ অন্যায় কাজই বৈধ হয়ে যাবে। তখন তারাও অন্যায় ও অসৎ কাজের সাথে জড়িয়ে পরবে। আমরা অনেক সয়য় দেখি আমাদের আশে পাশে এমন মানুষ আছেন যারা তাদের কারাপ কাজকে বৈধ করার জন্য নিজে সন্তানদের ব্যবহার করে থাকে। যার ফলে সেই সকল সন্তানরা এক সময় সমাজের চিহ্নিত সন্ত্রাসী হিসেবে পরিচিত হয়ে যান ।


মাসিক অভিভাবক সভা, ছবি রিক্তা রানী

**এপ্রিল ২০২৩ কাজের পরিকল্পনা :**

| নং | কাজের বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১. | সাংস্কৃতিক ও ক্রীড়া অনুষ্ঠান | টি |
| ২. | মাসিক মেন্টর সমন্বয় সভা | ২০ টি |
| ৩. | ক্লাব মিটিং মনিটরিং | ১০০ |
| ৪. | কমিউনিটি সভা | ৫০ টি |
| ৫. | মাসিক সমন্বয় সভা | ১০টি |
| ৬. | ক্লাব পরিদর্শন | ৬০টি |

**পত্রিকাটির জন্য যারা লেখা দিয়ে সহযোগিতা করেছেন তাদের সকলকে অসংখ্য ধন্যবাদ। পরবর্তিতে আরো সুন্দর লেখা পাঠানোর জন্য অনুরোধ থাকলো।**

**যোগাযোগ :**
প্রকল্প সমন্বয়কারি, খোকন চন্দ্র শীল, প্রকল্প অফিস, দক্ষিন চরনোয়াবাদ সার্কিট হাউজ রোর্ড সংলগ্ন, কোস্ট ফাউন্ডেশন, ভোলা সদর । মোবাইল নম্বর, ০১৭১৩৩২৮৮৩৯

**বি.দ্র : এ পত্রিকায় যাদের ছবি দেয়া হয়েছে তা কোন ব্যবসাহিক কাজ বা বিক্রির জন্য নয়।**